ব্রিকসে প্রধানমন্ত্রীকে যথাযথ মর্যাদায় আমন্ত্রণ জানানো হয়নি: স্পিকার



স্পিকার মেজর হাফিজ উদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

ব্রিকস সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে যথাযথ মর্যাদায় আমন্ত্রণ জানানো হয়নি বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার মেজর হাফিজ উদ্দিন আহমেদ। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে ভোলা সার্কিট হাউসে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও রাজনৈতিক নেতাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

স্পিকার বলেন, বাংলাদেশ এখনো ব্রিকসের সদস্য নয়। অংশীদার হওয়ার বিষয়টি নিয়ে আলোচনা থাকলেও সংগঠনটিতে যোগদানের বিষয়ে সরকারের অবস্থান এখনো পরিষ্কার নয়।

ভারতের সঙ্গে সম্পর্ক প্রসঙ্গে তিনি বলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত আশ্রয় দেওয়ায় বাংলাদেশের মানুষের মধ্যে রিজার্ভেশন তৈরি হয়েছে। তবে দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চান তারা। এজন্য পারস্পরিক সম্মান ও সমমর্যাদার ভিত্তিতে সম্পর্ক এগিয়ে নেওয়ার ওপর গুরুত্ব দেন তিনি।

জুলাই সনদসহ বিভিন্ন সংস্কার নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে আলোচনা চলছে জানিয়ে স্পিকার বলেন, সরকার ও বিরোধী দল ঐকমত্যে পৌঁছাতে পারলে সংসদের আগামী অধিবেশনে প্রয়োজনীয় আইন ও সংবিধান সংশোধনের উদ্যোগ নেওয়া সম্ভব হবে। এর মাধ্যমে দীর্ঘদিনের বঞ্চনা ও দুঃশাসন থেকে জনগণের বেরিয়ে আসার সুযোগ তৈরি হবে।